


এক নজরে আই কেয়ার প্রোগ্রাম

সর্বমোট

জুলাই ২০১৪ - এপ্রিল ২০২৬



EYE CARE PROGRAM

Manabik Shahajya Sangstha

আই কেয়ার প্রোগ্রাম

# ইন্সিডি বার্তা



## মাসব্যাপী বিনামূল্যে ২৫৮ রোগীর ছানি অপারেশন ও ১,৩২৮ জনকে চক্ষু পরীক্ষা প্রদান

এপ্রিল মাসজুড়ে দরিদ্র ও সুবিধাবঞ্চিত মানুষের জন্য বিনামূল্যে চক্ষুসেবা নিশ্চিত করতে আই কেয়ার প্রোগ্রাম দেশের বিভিন্ন এলাকায় মানবিক উদ্যোগ বাস্তবায়ন করেছে। রংপুর, দিনাজপুর, ঠাকুরগাঁও, পঞ্চগড়সহ বিভিন্ন স্থানে আয়োজিত ৬টি আই ক্যাম্পের মাধ্যমে মোট ১,৩২৮ জন রোগীকে বিনামূল্যে চক্ষু পরীক্ষা সেবা প্রদান করা হয়েছে। এর মধ্যে ৪৬১ জন রোগীকে প্রয়োজনীয় চশমা বিতরণ

করা হয়। পাশাপাশি চক্ষুস্বাস্থ্য সম্পর্কে সাধারণ মানুষের সচেতনতা বৃদ্ধি করতে ১,০৭৩টি ফ্লায়ার ও পোস্টার বিতরণ করা হয়েছে। চক্ষু পরীক্ষার মাধ্যমে ৩৪৯ জন রোগীর চোখে ছানি শনাক্ত করা হয়। পরবর্তীতে প্রয়োজনীয় পরীক্ষা শেষে ২৫৮ জন রোগীকে অ্যাম্বুলেপযোগে সহযোগী হাসপাতালে নেওয়া হয়, যেখানে বিশেষজ্ঞ চিকিৎসকদের নিবিড় তত্ত্বাবধানে সফলভাবে ছানি অপারেশন সম্পন্ন করা

হয়। অপারেশন শেষে রোগীদের প্রয়োজনীয় চিকিৎসাসেবা প্রদান করে নিরাপদে নিজ নিজ বাসায় পৌঁছে দেওয়া হয়েছে। মানবিক এই কার্যক্রমের মাধ্যমে আই কেয়ার প্রোগ্রাম অসহায় মানুষের দৃষ্টিশক্তি ফিরিয়ে দিতে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এই উদ্যোগ বাস্তবায়নে সহযোগী প্রতিষ্ঠান, চিকিৎসক, স্বেচ্ছাসেবক ও শুভানুধ্যায়ীদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করা হচ্ছে।

## বিনামূল্যে ছানি অপারেশনে চোখে আলো ফিরে পেলেন চামেনা বেগম

চামেনা বেগম (৬০) দীর্ঘদিন ধরে দারিদ্র্য আর কষ্টের সঙ্গে লড়াই করে বেঁচে আছেন। স্বামী অসুস্থ, আর চার ছেলে অন্যের জমিতে কৃষিকাজ করে কোনোভাবে সংসার চালান। অভাবের কারণে মায়ের চিকিৎসা করানো তাদের পক্ষে সম্ভব হয়নি। এদিকে বাম চোখে ছানি পড়ায় চামেনা বেগমের পৃথিবী ধীরে ধীরে অন্ধকার হয়ে আসছিল। স্বাভাবিক চলাফেরা ও দৈনন্দিন কাজও তাঁর জন্য কঠিন হয়ে

পড়ে। ঠিক এমন সময় মানবিক সাহায্য সংস্থার আই কেয়ার প্রোগ্রামের আর্থিক সহায়তায় তাঁর বাম চোখের সফল ছানি অপারেশন সম্পন্ন হয়। অপারেশনের পর তিনি আবার স্পষ্টভাবে পৃথিবী দেখতে পাচ্ছেন। এই সহায়তা শুধু তাঁর দৃষ্টিশক্তিই ফিরিয়ে দেয়নি, ফিরিয়ে দিয়েছে নতুন আশা ও বাঁচার সাহস।



## জয়পুরহাটের প্রত্যন্ত অঞ্চলে ৩১১ জন সুবিধাবঞ্চিত রোগীকে বিনামূল্যে চক্ষুসেবা প্রদান

জয়পুরহাটের পাঁচবিবি উপজেলার পাঁচবিবি মহিলা কলেজে আই কেয়ার প্রোগ্রামের উদ্যোগে ও রংপুর চক্ষু হাসপাতালের সহযোগিতায় একটি বিনামূল্যের চক্ষুশিবির অনুষ্ঠিত হয়েছে। এই চক্ষুশিবিরে মোট ৩১১ জন সুবিধাবঞ্চিত রোগীর বিনামূল্যে চক্ষু পরীক্ষা করা হয়েছে এবং ১০৫ জনের মাঝে প্রয়োজনীয় চশমা বিতরণ করা হয়েছে। পাশাপাশি চক্ষুস্বাস্থ্য বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ২৫৫টি ফ্লায়ার ও পোস্টার বিতরণ করা হয়। চক্ষু পরীক্ষায় ১১৯ জন রোগীর

চোখে ছানি শনাক্ত করা হয়। প্রথম ধাপে ৪৭ জন রোগীকে অ্যাম্বুলেপযোগে রংপুর চক্ষু হাসপাতালে নিয়ে গিয়ে সফলভাবে বিনামূল্যে ছানি অপারেশন সম্পন্ন করা হয়েছে যা তাদের জীবনে নতুন আলো ও স্বাভাবিক দৃষ্টির সম্ভাবনা ফিরিয়ে দিয়েছে। এই মানবিক উদ্যোগ বাস্তবায়নে সহযোগিতাকারী সকল সম্মানিত দাতাদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছি, যাদের সহমর্মিতায় অসংখ্য মানুষ নতুন করে আলোর মুখ দেখার সুযোগ পাচ্ছেন।



MSS Working for the People

প্রকাশনায়ঃ মিডিয়া অ্যান্ড পাবলিক অ্যাফেয়ার্স ইউনিট - মানবিক সাহায্য সংস্থা  
মোবাইলঃ ০১৭৩০০২৪০৩৩ ইমেইলঃ eyecareprogram.mss@gmail.com

Eye Care Program-MSS

www.mssbd.org/our-program/eye-care-program

Eye Care Program MSS